

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮৩০

৮/ যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৮/২১. সদাকাতুল ফিতর (ফিতরা)।

بَاب صدَقةِ الْفِطْرِ

আরবী

حَدَّتَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ سَعْدِ بْنِ عَمَّارٍ الْمُؤَذِّنِ حَدَّتَنَا عُمَرُ بْنُ حَدَّتَنَا هِ صَلَى الله عليه وسلم أَنَّ رَسُولَ اللهِ صلَى حَفْصٍ عَنْ عُمَرَ بْنِ سَعْدٍ مُؤَذِّنِ رَسُولِ اللهِ صلَى الله عليه وسلم أَنَّ رَسُولَ اللهِ صلَى الله عليه وسلم أَمَرَ بِصَدَقَةِ الْفِطْرِ صَاعًا مِنْ تَمْرٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ أَوْ صَاعًا مِنْ سُلْتٍ سُلْتٍ

বাংলা

৬/১৮৩০। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুআযযিন সা'দ (রাঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সদাকাতুল ফিতর হিসাবে এক সা' খেজুর বা এক সা' যব বা এক সা' সাদা যব আদায় করার নির্দেশ দেন।

English

It was narrated from Ammar bin Sa'eed, the Mu'adhdhin of the Messenger of Allah from his father,:

that the Messenger of Allah enjoined Sadaqatul-Fitr, one Sa of dates, one Sa of barley, or one Sa of Sult (a kind of barley without skin on it, resembling wheat).

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ৭/২৪, আল-হাকিম ফিল মুসতাদরাক ১/৪০৭, তা'লীক ইবন মাজাহ যঈফ আবী দাউদ ২৮৩।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আব্দুর রহমান বিন সা'দ বিন আম্মার বিন সা'দ আল-



মুআযি সম্পর্কে ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন তাকে দুর্বল বলেছেন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮২৮, ১৭/১৩২ নং পৃষ্ঠা) ২. আমর বিন হাফস সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪২১৫, ২১/২০৩ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আব্দুর রহমান বিন সা'দ বিন আম্মার বিন সা'দ আল-মুআযযিন ও আমর বিন হাফস এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৭০৪ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ১ টি জাল, ১৫ টি অধিক দুর্বল, ১২২ টি দুর্বল, ২৩৬ টি হাসান, ৩৩০ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ১৫০৩, ১৫০৪, ১৫০৫, ১৫০৭, ১৫০৮, ১৫০৯, ১৫১১, ১৫১২, মুসলিম ৯৮৪, ৯৮৫, ৯৮৬, ৯৮৭, তিরমিযি ৬৭৪, ৬৭৫, ৬৭৬, আবু দাউদ ১৬১১, ১৬১৩, ১৬১৯, ১৬২০, ১৬২২, দারিমী ১৬৬১, ১৬৬২, ১৬৬৩, ১৬৬৪, আহমাদ ৩২৮১, ৪৪৭২, ৫১৫২, ৫২৮১, ৫৩১৭, ৫৭৪৭, ৫৯০৬, ৬৭৯, ১১৫২২ ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👤 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন